



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া
মেলান্দহ, জামালপুর।

Website: www.bbgcj.edu.bd
E-mail: bbc110146@gmail.com

জনসংযোগ দপ্তর
মোবাইল: ০১৭৪০-৬০২৪২০
E-mail: rumonsrs@gmail.com

তারিখঃ ২১ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ
০৪ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

“২১ আগস্ট হিংসার দানবীয় সম্ভ্রাস আক্রান্ত করে মানবতাকে”

— মোঃ ফজলুল হক চৌধুরী
অধ্যক্ষ

আজ রক্তাক্ত বিভীষিকাময় ২১ আগস্ট। বাংলাদেশের ইতিহাসে ২১ আগস্ট একটি নারকীয় হত্যাযজ্ঞের জঘন্যতম দিন। বিএনপি-জামাত জোট সরকারের আমলে ২০০৪ সালের এই দিনে রাজধানী ঢাকার বুকে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে কেন্দ্রীয় কার্যালয়ের সামনের রাস্তায় আয়োজিত শান্তিপূর্ণ সমাবেশ চলাকালে বঙ্গবন্ধু তনয়াকে লক্ষ করে মাত্র দেড় মিনিটে ১৩ টি গ্রেনেড নিক্ষেপ করা হয় এবং বৃষ্টির মত চারদিক হতে গুলি চালানো হয়। কিন্তু প্রবাদে আছে “রাখে আল্লাহ মারে কে?” ঠিক তাই রক্ষাকর্তার ইশারায় যেন শত শত আওয়ামীভক্ত নেতা কর্মী মানববর্ম তৈরি করেছিলেন নিজেদের জান বাজি রেখে। ফলে বেঁচে যায় বাঙ্গালির স্বপ্ন, বেঁচে যান বাঙ্গালির আত্মপরিচয়, বিশ্ব মানবতার মা, বিশ্ব উন্নয়নের রোল মডেল জাতির পিতার স্বপ্নের সোনার বাংলার রূপকার জননেত্রী শেখ হাসিনা। বিনিময়ে হারাতে হয় আইডি রহমানসহ ২৪ জন দেশ প্রেমিককে এবং আহত হয় পাঁচ শতাধিক নেতাকর্মী, যারা এখনো শরীরে স্পিন্টার বহন করে প্রতিনিয়ত মৃত্যু যন্ত্রণায় কাতরাচ্ছেন। অক্ষিত হয় ইতিহাসে কালো তিলক। ঘটনাবহুল ঘটনাতে যুক্ত হয় জজ মিয়া নামে সাজানো নাটক। বিকৃত হতে থাকে ইতিহাস। দীর্ঘ পথ পরিক্রমায় ইতিহাসের কালো অন্ধকার দূরীভূত হয় ভোরের সোনালী আলোয়। আর যিনি বাঙ্গালির আলোকবর্তীকা হয়ে দাঁড়িয়ে থাকেন রাস্তার শেষ প্রান্তে তিনাই হলেন জাতির পিতার গর্বিত উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। একে একে উঠে আসতে থাকে নীরেট সত্য। জাতির সামনে উন্মোচিত হতে থাকে সেই সব কুশীলব, তথা ঘটকদের মুখোশ। দীর্ঘ বিচার প্রক্রিয়া সম্পন্ন করার পর যে রায় হয়, সে রায়ে সাজাপ্রাপ্ত কিছু দাগী আসামী বিদেশের মাটিতে আয়েশী জীবন-যাপন করে দেশের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত। বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া'র পক্ষ থেকে সেই সব সাজাপ্রাপ্ত আসামীদেরকে অবিলম্বে দেশে এনে সাজা কার্যকর করার জোর দাবি জানাচ্ছি। সেই সাথে শোকের মাসের এই শোককে শক্তিতে রূপান্তরিত করে জননেত্রীর ঘোষিত “স্মার্ট বাংলাদেশ” বিনির্মাণে নিজেকে একজন গর্বিত অংশীদার হিসেবে গড়ে তুলি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, বাংলাদেশ চিরজীবী হউক।

২৩.০৮.২৩

রুমন আহমেদ
প্রভাষক, বাংলা বিভাগ

ও

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া
মেলান্দহ, জামালপুর।

Cell: 017110146, 017110146, 017110146